রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন : ০৭২১-৮৬২৪৪৫
ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৪৫
ই-মেইল-dgmpd@rakub.org.bd
ওয়েবসাইট- www.rakub.org.bd

প্রধান কার্যালয়, রাজশাহী

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার নং-প্রকা/কব্যবি-০১/২০১৭ — তারিখ : ৩১-০১-২০১৭

বিষয়: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী নীতিমালা, ২০১৬ প্রসংগে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা-কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৫ এর ২৬(১) নম্বর উপ-প্রবিধিতে "Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুযায়ী সরকারি কর্মচারীগণ যে নিয়ম ও পদ্ধতিতে শ্রান্তি বিনোদন ছুটি প্রাপ্ত হন, কর্মচারীগণকে সে নিয়ম ও পদ্ধতিতে শ্রান্তি বিনোদন ছুটি প্রদান করা যাবে মর্মে উল্লেখ আছে। উপ-প্রবিধান ২৬(১) এর উদ্দেশ্য পূরণকল্পে সরকারের অনুমোদনক্রমে বোর্ডকে এতদ্‌বিষয়ক নীতিমালা প্রণয়নের এখতিয়ার প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে রাকাবের কর্মকর্তা-কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরীর নিমিত্ত প্রণীত নীতিমালা পরিচালনা পর্ষদের ৪৪৭তম সভায় অনুমোদন করা হয়। পর্ষদের সিদ্ধান্তক্রমে নীতিমালাটি সরকারের অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হলে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক-১ শাখার ২৫-০১-২০১৭ তারিখের ৫৩.০০.০০০০.৩২১.২২.০০১.১৭-৩৫ নম্বর স্মারকে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয় :

> "অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য প্রণীত জাতীয় বেতনস্কেল ২০১৫ এর অনুচ্ছেদ ১৮ অনুসরণে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।"

এমতাবস্থায় ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য প্রণীত জাতীয় বেতন স্কেল ২০১৫ এর অনুচ্ছেদ ১৮ অনুসরণে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদানের নিমিত্ত পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা জারী করা হলো:

১) নীতিমালার নাম: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী নীতিমালা, ২০১৬ ;

২) যে সকল কর্মকর্তা-কর্মচারীর নিয়মিত চাকরিকাল ন্যূনতম ৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে এবং কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ণ বেতনে অর্জিত ছুটি পাওনা রয়েছে সে সকল কর্মকর্তা-কর্মচারী জ্যেষ্ঠতার ভিত্তিতে পর্যায়ক্রমে অনধিক ১৫(পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটি এবং ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী যে মাসে ছুটিতে যাবেন সে মাসের অব্যবহিত পূর্ববর্তী মাসের শেষ আহরিত মূল বেতনের সমান অর্থ বিনোদন ভাতা হিসেবে প্রাপ্য হবেন ;

৩) শ্রান্তি বিনোদন ছুটি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পূর্ণ বেতনে অর্জিত ছুটির হিসাব হতে বিয়োজন করা হবে। এ ছুটির হিসাব কর্মকর্তা-কর্মচারীর সার্ভিস বইতে লিপিবদ্ধ করতে হবে ;

৪) ছুটির প্রাপ্যতা সাপেক্ষে একজন কর্মকর্তা-কর্মচারীকে প্রতি ৩ (তিন) বছর অন্তর একবার এ ছুটি মঞ্জুর করা যাবে ;

৫) দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পাদন এবং গ্রাহক সেবায় যেন ব্যাঘাত সৃষ্টি না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে বিভাগ/কার্যালয়/শাখাসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের এক সাথে অনধিক ০২ (দুই) জন কর্মকর্তা-কর্মচারীকে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর করা যাবে ;

৬) একাধিক কর্মকর্তা-কর্মচারী একত্রে এ ছুটির প্রাপ্যতা অর্জন করলে জ্যেষ্ঠতার ভিত্তিতে এবং পর্যায়ক্রমে তা মঞ্জুর করা যাবে। তবে যে সমস্ত কর্মকর্তা-কর্মচারীর অবসর উত্তর ছুটি (পিআরএল)/চাকরি হতে অবসর গ্রহণ নিকটবর্তী তাদেরকে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরীর এক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে ;

৭) অফিস/শাখা পর্যায়ে বিভিন্ন ধরণের জাল-জালিয়াতি রোধ, অভ্যন্তরীণ ঝুঁকি হ্রাস, কর্মক্ষেত্রে কোন কর্মকর্তা-কর্মচারীর অপরিহার্যতা রোধ ইত্যাদি বিবেচনায় কর্তৃপক্ষ স্ব-উদ্যোগে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে আবশ্যিক ছুটি ও ভাতা মঞ্জুর করবেন। ব্যাংকের স্বাভাবিক কাজকর্ম বিঘ্ন ঘটিয়ে এ ছুটি মঞ্জুর করা যাবে না ;

৮) অবসর উত্তর ছুটিতে গমনকারী কর্মকর্তা-কর্মচারীদের এ ছুটি ও ভাতা প্রদান করা যাবে না ;

৯) অর্ধ-বার্ষিক ও বার্ষিক হিসাব সমাপনীর কারণে ১৬ ডিসেম্বর হতে ১৫ জানুয়ারি এবং ১৬ জুন হতে ১৫ জুলাই সময়কালে এ ছুটি মঞ্জুর করা যাবে না। তবে অবসর উত্তর ছুটি আসন্ন কর্মকর্তা-কর্মচারীদের এক্ষেত্রে এ সময়সূচি শিথিল করা যাবে ;

১০) যদি কোন কর্মকর্তা-কর্মচারী শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী প্রাপ্য হন কিন্তু ব্যাংকের স্বার্থে তাকে তাঁর সুবিধাজনক সময় ছুটি ও ভাতা সমন্বয় করা সম্ভব না হয় তবে তাকে যথাশীঘ্র সম্ভব এ ছুটি ও ভাতা মঞ্জুর করা যাবে এবং তিনি তার প্রথম আবেদনের ৩ (তিন) বছর পর পরবর্তী ছুটি ও ভাতা প্রাপ্তির যোগ্য হবেন। তবে কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরির প্রাপ্যতা অর্জন সাপেক্ষে আবেদন করতে পারবেন ;

১১) বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হলো যুগপৎভাবে শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরী। অতএব শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরী ব্যতিরেকে বিনোদন ভাতা প্রদান করা যাবে না ;

চলমান পাতা-২

১২) অস্থায়ী কিংবা চুক্তি ভিত্তিক নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্য হবেন না ;

১৩) কোন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় শৃংখলা মোকদ্দমা কিংবা ১ম খন্ড/বিশেষ নিরীক্ষা আপত্তি অনিস্পন্ন থাকলে তিনি এ ছুটি প্রাপ্য হবেন না। তবে অভিযোগ/চার্জ থেকে অবমুক্ত হলে যথারীতি শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্য হবেন;

১৪) কর্মকর্তা-কর্মচারীর ছুটিকালীন দায়িত্ব পালনের বিষয়টি শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরীর ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে ;

১৫) অর্জিত ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা অনুমোদন করবেন ;

১৬) ব্যাংকের খরচ খাত ১৩৩/৬সি (Staff Welfare & Recreation Expenses) ডেবিট করে শ্রান্তি বিনোদন ভাতা প্রদান করতে হবে ;

১৭) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৫ প্রণীত হওয়ার পূর্বে যারা ব্যাংকে যোগদান করেছেন এবং বর্তমানে কর্মরত রয়েছেন সে সকল কর্মকর্তা-কর্মচারীগণও এ নীতিমালার আওতায় শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্য হবেন ;

১৮) শ্রান্তি বিনোদন ছুটি ভোগকারী কর্মকর্তা-কর্মচারী অন্যত্র বদলী হলে এলপিসিতে ছুটি ভোগের বিবরণ উল্লেখ করতে হবে ;

১৯) প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে শ্রান্তি বিনোদন ভাতা কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ কর্তৃক প্রদান করা হবে। প্রধান কার্যালয়ের বাইরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের শ্রান্তি বিনোদন ভাতা সংশ্লিষ্ট বেতন প্রদানকারী শাখার মাধ্যমে গ্রহণ করতে হবে ;

২০) শ্রান্তি বিনোদন ভাতা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে ;

২১) কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষ বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন (আবেদনের ছক সংযুক্ত) ;

২২) Bangladesh Services (Recreation Allowances) Rules, 1979 এর সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন হলে এ নীতিমালা স্বয়ংক্রিয়ভাবে সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন হবে। এ ক্ষেত্রে ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে

৩১/০১/১৭

(মোঃ নূরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-৭/২০১৬-২০১৭/২২৯০(৪৪৭) তারিখ : ৩১-০১-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/
১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। উপ-প্রকল্প পরিচালক, এসইসিপি, বগুড়া।
১৫। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬। অফিস নথি।

৩১.০১.১৭
(রণজিৎ কুমার সেন)
সহকারী মহাব্যবস্থাপক

D:\DIPU_PD\Circular Ltr\Circular Nikos.doc

বরাবর

....

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

...............................বিভাগ/কার্যালয়/শাখা

....

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার জন্য আবেদন।

মহোদয়

আমি রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে কর্মরত আছি। ব্যাংক প্রবর্তিত নীতিমালার আলোকে নিম্নবর্ণিত বিষয়/শর্তাবলী সদয় বিবেচনাপূর্বক শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরীর আবেদন করছি।

১. নাম ও পদবী :

২. বর্তমান কর্মস্থল :

৩. জন্ম তারিখ :

৪. ব্যাংকের চাকরিতে যোগদানের তারিখ :

৫. বর্তমান পদের বেতনের গ্রেড ও স্কেল :

৬. বর্তমান মূল বেতন :

৭. আবেদনের তারিখ ও উক্ত তারিখে ব্যাংকে মোট চাকরিকাল :

৮. ইতোপূর্বে/সর্বশেষ শ্রান্তি বিনোদন ছুটির আবেদনের তারিখ :

৯. সর্বশেষ শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরীর তারিখ :

১০. আবেদনকৃত ছুটির সময়কাল :

আবেদনকারীর স্বাক্ষর
(তারিখ ও সীলসহ)

উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশ/মতামত

আবেদনকারীর উপরোল্লিখিত তথ্যাদি সঠিক আছে। তিনি ব্যাংকের একজন নিয়মিত কর্মকর্তা-কর্মচারী (অস্থায়ী বা চুক্তিভিত্তিক নিয়োজিত নন) তাঁর বিরুদ্ধে কোন বিভাগীয় শৃংখলা, মোকদ্দমা কিংবা ১ম খন্ড/ বিশেষ নিরীক্ষা আপত্তি অনিস্পন্ন নাই। তাকে আবেদনে উল্লিখিত সময়ে ছুটি মঞ্জুর করা হলে বিভাগ/কার্যালয়/শাখায় একই সাথে অনুরূপ ছুটি ভোগকারীর সংখ্যা দুইয়ের অধিক হবে না।

এমতাবস্থায় নীতিমালার সকল শর্ত পূরণ হওয়ায় তাঁকে ....হতে ....পর্যন্ত ১৫ দিনের শ্রান্তি বিনোদন ছুটি এবং অব্যবহিত পূর্ববর্তী মাসের আহরিত মূলবেতনের সমপরিমাণ অর্থ বাবদ.......................টাকা মাত্র বিনোদন ভাতা মঞ্জুরীর সুপারিশ করা হলো।

সুপারিশকারী কর্মকর্তার স্বাক্ষর
(তারিখ ও সীলসহ)